

## বিসমিল্লাহির রাহমানির রাহীম।

সমস্ত প্রশংসা একমাত্র আল্লাহর, যিনি বিশ্ব জগতের সৃষ্টি ও পালনকর্তা। এ শিক্ষাই আমাদের সুশৃঙ্খল করে তোলে। বর্তমানে আধুনিক শিক্ষার ব্যাপক বিস্তারের ক্ষেত্রে অত্র জামালগঞ্জ কলেজের শিক্ষার্থীর আন্তঃসত্তাকে বিকশিত করার দিকে বিশেষ গুরুত্বারোপ করা হচ্ছে। তাদের মাঝে নিজস্বতাবোধ জাগ্রত করা এবং নিজের আত্মোপলব্ধিকে কাজে লাগিয়ে তাদের একটা নিজস্ব অবস্থান গড়ে তোলা গর্ভনিং বডি়র সভাপতি হিসেবে আমার প্রধান উদ্দেশ্য।

## সম্মানিত অভিভাবক / অভিভাবিকা,

আপনাদের সকলের প্রতি রইল আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। নতুন প্রজন্মের শিক্ষার্থীদের জন্য রইল শুভ কামনা। এই ঐতিহ্যবাহী জামালগঞ্জ কলেজ প্রায় ত্রিশ বছরের অধিক সময় ধরে এই জনপদে শিক্ষার আলো বিস্তার করে যাচ্ছে। আধুনিক ও যুগোপযোগী লেখাপড়া, খেলাধুলা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও বিভিন্ন সামাজিক কর্মকাণ্ডে এ প্রতিষ্ঠানটির রয়েছে গৌরবময় ইতিহাস। বর্তমান মাননীয় প্রধানমন্ত্রী, গণতন্ত্রের মানসকণ্যা জাতির জনক বঙ্গবন্ধুর কণ্যা জননেত্রী শেখ হাসিনার অঙ্গীকার মোতাবেক ডিজিটাল বাংলাদেশ গড়ার উদ্দেশ্যে শতভাগ শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে দরিদ্র ও মেধাবী ছাত্র-ছাত্রীদের বিশেষ বৃত্তি প্রদানের মাধ্যমে লেখাপড়ায় উৎসাহ প্রদান করা হচ্ছে। বর্তমানে অত্র প্রতিষ্ঠানটি দক্ষ গর্ভনিং বডি়র সুনিবিড় তত্ত্বাবধানে এক ঝাঁক মেধাবী ও ক্ষ্যাতিমান শিক্ষক-শিক্ষিকাদের মাধ্যমে পরিচালিত হচ্ছে। সম্মানিত অভিভাবক-অভিভাবিকা, এলাকার বিশিষ্ট শিক্ষানুরাগী ও অত্র কলেজের শুভানুধ্যায়ীদের সার্বিক সহযোগিতা আমি একান্ত ভাবে কামনা করছি।

## মোঃ আহসান কবীর এপ্লব

সভাপতি, জামালগঞ্জ কলেজ

ও

চেয়ারম্যান, রুকিন্দীপুর ইউনিয়ন পরিষদ

উপজেলা: আক্কেলপুর, জেলা: জয়পুরহাট।